দৈনিক বাংলা

তারিখ ... 20.3.84 ... ...
পৃষ্ঠা... .. ... 1 কলাম...3... ...

096

# আতাউর রহমান খান প্রধানমন্ত্রী নিযুক্ত

প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ মন্ত্রিপরিষদের প্রধানমন্ত্রী হিসেবে জনাব আতাউর রহমান খানকে নিয়োগ করেছেন। তাঁর এ নিযুক্তি অবিলম্বে কার্যকর হবে। খবর বাসসর।



জনাব আতাউর রহমান খান প্রধানমন্ত্রী হিসেবে তাঁর দায়িত্ব ছাড়াও নবগঠিত রাজনৈতিক ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করবেন।

গতরাতে একজন সরকারী মুখপাত্র এই ঘোষণা প্রদান করে বলেন যে মনোনীত প্রধানমন্ত্রী আজ শুক্রবার শপথ নেবেন। প্রেসিডেন্ট তাঁর শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করবেন।

জনাব আতাউর রহমান খান তাঁর ঢাকার বাসভবন থেকে প্রদত্ত এক সংক্ষিপ্ত বিবৃতিতে বলেন যে তিনি শান্তিপূর্ণভাবে গণতন্ত্রে উত্তরণের লক্ষ্যে একটি সুষ্ঠু ও স্থিতিশীল রাজনৈতিক প্রক্রিয়া নিশ্চিত করার জরুরী ও গুরুত্বপূর্ণ দায়িত্বে নিজেকে নিয়োজিত করবেন। প্রেসিডেন্ট ইতিমধ্যেই এ উত্তরণের উদ্যোগ নিয়েছেন এবং এর কাজ শুরু করেছেন।